

---

পরিমল গোস্বামীকে লেখা পত্র

---

প্রিয় পরিমলবাবু,

আমার ফটো একখানি পত্রবাহকের হাতে দিলে বিশেষ বাধিত হবো।...

ভবদীয়

বিভূতি বন্দ্যোপাধ্যায়

প্রিয় পরিমলবাবু,

পত্র পেয়ে দুঃখিত হলুম। অমন পত্রখানি বন্ধ হয়ে গেল যে কেন বুঝতে পারলুম না। নূতন পত্র পাইনি। 'ভিড়' গল্পের টাকা মনিঅর্ডার করবেন বারাকপুরের ঠিকানায় কিংবা আপনার কাছে রেখে দেবেন গিয়ে নেবো। আমরা পরশু বারাকপুর যাচ্ছি সস্ত্রীক।

প্রীতি ও শুভেচ্ছা নেবেন। দেখা করবো কলকাতায়। ইতি

ভবদীয়

শ্রীবিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

P.O. Gopalnagar, Vill. Barakpur

Dist. Jessore

ঘাটশিলা, বুধবার

(তারিখ সম্ভবত ৪ নবেম্বর ১৯৪৩)

প্রিয়বরেষু,

টাতানগরে কালীপূজার আনন্দ সম্মেলনে এসে পরশু আপনার চিঠি পেলাম রাত্রে। আমি অত্যন্ত দুঃখিত ও লজ্জিত হয়েছি।...আমার সমস্ত দোষত্রুটি ক্ষমা করে...যদি বইটি আনিতে নেন তবে বিশেষ বাধিত হব।

আপনাকে আমি পরম বন্ধু বলেই চিরকাল জেনে এসেছি, আপনাকে আমার বইখানা পড়াবো এবং আপনার কেমন লাগলো জানতে চাইবো—এ আমার আন্তরিক ইচ্ছা। নয়তো আমি বই-এর কথা তুলবো কেন? আপনি রসিক ও গুণী বলেই আপনার হাতে আমার বইখানির সমালোচনা আমি চেয়েছিলুম। অদৃষ্টক্রমে সব দেখছি বিপরীত হয়ে দাঁড়ালো, জানবেন এ একটা ভ্রমপ্রমাদ ছাড়া আর কিছুই নয়। বন্ধু বলেই জানি আপনাকে, আমার সদৃষ্টিয় সন্দেহ করবেন না। আমার অনবধানতার জন্য পুনরায় আপনার কাছে ক্ষমা প্রার্থনা করি। প্রীতি ও শুভেচ্ছা গ্রহণ করুন।

ভবদীয়

শ্রীবিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

আশ্চর্য কথা, বিশ্বাস করুন একখানা চিঠিও পাইনি। মাইরি বলছি। আপনার চিঠি পেয়ে উত্তর দেব না আপনি বিশ্বাস করেন? দিনদশেক অপেক্ষা করুন, নিশ্চয়ই পাঠাবো।

ইতি

বিভূতি